



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৩ ফেব্রুয়ারি ২০২২



বাউবিতে মডার্ন অফিস ম্যানেজমেন্ট শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত ‘মডার্ন অফিস ম্যানেজমেন্ট’ শীর্ষক দিনব্যাপি এক কর্মশালা ২২ ফেব্রুয়ারি ২০২২ মঙ্গলবার গাজীপুরস্থ ক্যাম্পাসের সেমিনার হল ও ভিআইপি গেস্ট হাউজের এমবিএ ক্লাস রুমে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল কর্মশালায় জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে বক্তব্য রাখেন। কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম এবং পাট ও বস্ত্রালয় মন্ত্রণালয়ের উপ-সচিব মোঃ আলমগীর হোসাইন বিষয়ভিত্তিক আলোচনা করেন।

কর্মশালায় সুচনা বক্তব্য রাখেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। দিনব্যাপি এ কর্মশালায় দুইটি গ্রুপে বিশ্ববিদ্যালয়ের ৮০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০১৭১২-৫৯৯৫০৪